



স্মারক নম্বর: সিরোটসি/প্রশাসন-১১০/২০২৩-২০২৪/৩৯

তারিখ: ০৬ নভেম্বর ২০২৩

### অফিস আদেশ

সিরোটসি ট্রাস্টের জনবল নিয়োগ কমিটির ০৯.১০.২০২৩ তারিখের সভার সুপারিশ এবং সিরোটসি পরিচালনা পর্ষদের ৩০.১০.২০২৩ তারিখের ৮০তম সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত প্রার্থীদেরকে তাদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:


ক্রমিক	প্রার্থীদের নাম ও স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত পদের নাম	বেতন স্কেল ও গ্রেড
০১।	জনাব মোঃ হাসিদুল ইসলাম মাতার নাম: হোসনোয়ারা বেগম পিতার নাম: মোঃ শহিদুল ইসলাম গ্রাম: বড়াকোঠা ডাকঘর: ডাকুয়ার হাট থানা: উজিরপুর জেলা: বরিশাল	উপব্যবস্থাপক (মাইক্রো ক্রেডিট)	স্কেল: ২৯,০০০-৬৩,৪১০/- (গ্রেড-০৭)
০২।	জনাব প্রিয়াংকা মজুমদার মাতার নাম: ঝরনা রানী রায় পিতার নাম: সুবরন মজুমদার গ্রাম: বাউটিয়া ডাকঘর: বেরস-১৩৪৫ উপজেলা: ধামরাই জেলা: ঢাকা	কর্মকর্তা (পরিবীক্ষণ ও নিরীক্ষা)	স্কেল: ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০)

### ০২। শর্তাবলী

- ক) কুটির শিল্পের মাধ্যমে গ্রামীণ দুঃস্থ মহিলাদের আত্ম-কর্মসংস্থান (সিরোটসি) এর কর্মকর্তা-কর্মচারীদের চাকরি প্রবিধিমালা (সংশোধন)-২০১৫ এর দ্বিতীয় অধ্যায়ের প্রবিধি নং ২.১০ এর উপ-প্রবিধি ২.১০.২, ২.১০.৩ ও ২.১০.৪ অনুযায়ী “সরাসরি নিয়োগের ক্ষেত্রে সকল পদেই এক বৎসর শিক্ষানবিসকাল বাধ্যতামূলক। শিক্ষানবিসকালে কোন চাকুরে বিনা বেতনে ছুটি ভোগ করলে উক্ত ছুটির সম-পরিমাণ শিক্ষানবিসকাল বৃদ্ধি পাবে। যদি কোন চাকুরের কার্যক্রম ও আচরণ শিক্ষানবিসকালে অথবা বর্ধিত সময়ের মধ্যে সন্তোষজনক বলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট বিবেচিত না হলে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এবং বিনা নোটিশে তাঁকে চাকরি থেকে অব্যাহতি দেয়া যাবে”।
- খ) উক্ত প্রবিধি নং ২.১১ এর উপ-প্রবিধি ২.১১.১ এর (ক), (খ) ও (গ) অনুযায়ী “শিক্ষানবিস সময়ের মেয়াদকাল অবশ্যই উত্তীর্ণ হতে হবে, কোন প্রশিক্ষণ গ্রহণ ও নির্ধারিত পরীক্ষা বাধ্যতামূলক হলে তাতে সন্তোষজনকভাবে উত্তীর্ণ হতে হবে ও শিক্ষানবিস সময়ে তাঁর কাজ, ব্যবহার ও আচার-আচরণ সন্তোষজনক হতে হবে”।
- গ) নির্বাহী পরিচালক (ভাঃ), সিরোটসি ট্রাস্ট, বিসিক ভবন, ১৩৭-১৩৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবর প্রার্থীর স্বহস্তে লিখিত ও স্বাক্ষরিত যোগদানপত্রের সাথে নিম্নবর্ণিত সনদ/দলিলপত্রসমূহ (মূল ও অনুলিপি ০১ সেট) দাখিল করতে হবে, অন্যথায় যোগদানপত্র গ্রহণযোগ্য হবে না:
- ১) সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
  - ২) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
  - ৩) জাতীয় পরিচয়পত্র /জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
  - ৪) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
  - ৫) সকল অভিজ্ঞতার সনদের মূল কপি ও অনুলিপি;
  - ৬) অভিজ্ঞতা হিসেবে আবেদনপত্রে উল্লিখিত সকল প্রতিষ্ঠানের অব্যাহতি পত্রের মূল কপি ও অনুলিপি;
  - ৭) সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত শারীরিক যোগ্যতার প্রত্যয়নপত্র;

- ৮) নিজ হাতে যথাযথভাবে পূরণকৃত ০২ (দুই) সেট পুলিশ প্রতিবেদন ফর্ম (ট্রাস্টের অফিস থেকে সংগ্রহ করা যাবে);  
৯) স্থায়ী বাসভূমি ও গোপনীয়তা বজায় রাখার অঙ্গীকারপত্র (নমুনা ট্রাস্টের অফিস থেকে সংগ্রহ করা যাবে) ৩০০/-টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে।  
১০) ১৫.০১.২০২৩ তারিখ ৭০নং স্মারকে অথবা ০১.০৩.২০২৩ তারিখ ৮২নং স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির অনুলিপি।

- ঘ) বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধা সময়ে সময়ে জারিকৃত সরকারী সিদ্ধান্ত অনুসারে হালনাগাদ করা হবে।  
ঙ) ট্রাস্টের প্রয়োজনে যেকোন কার্যালয়ে যেকোন সময় বদলী করা যাবে। সে ক্ষেত্রে নির্ধারিত সময়ে বদলীকৃত কর্মস্থলে যোগদান ও তথায় অবস্থান করে দায়িত্ব পালন করতে হবে।  
চ) নিজ কর্মস্থলের বাইরে ট্রাস্টের অন্যান্য কর্মএলাকায় কর্তৃপক্ষের নির্দেশে প্রয়োজনে ভ্রমণ করতে হবে। সে ক্ষেত্রে চাকরি প্রবিধিমালা অনুসারে যাতায়াত ও দৈনিক ভাতা প্রদান করা হবে।  
ছ) ট্রাস্টে চাকরিকালীন সময়ে অন্যত্র খন্ডকালীন বা অন্য ধরণের চাকরি বা ব্যবসা করা যাবে না।  
জ) ট্রাস্টের চাকরি প্রবিধিমালা অনুসারে সকল নিয়ম-কানুন ও কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আদেশ-নির্দেশ যথাযথভাবে মেনে চলতে হবে।  
ঝ) চাকরিকালে কোন আর্থিক অনিয়ম ও অফিস শৃংখলা পরিপন্থি আচরণ পরিলক্ষিত হলে বা অপিত দায়িত্ব পালনে ব্যর্থ হলে কোন কারণ দর্শানো ও পূর্ব নোটিশ ব্যতিরেকে চাকরি বাতিল করা যাবে।  
ঞ) যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।  
০৩। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের উল্লিখিত কোন তথ্য অসত্য বা দাখিলকৃত কোন সনদ ভুয়া প্রমাণিত হলে প্রার্থীর নিয়োগ যে কোন সময় বাতিল করা হবে।  
০৪। উপরিউক্ত শর্তাবলী প্রতিপালনে সম্মত হলে আগামী ০৩.১২.২০২৩ তারিখ সকাল ৯.০০টায় নিবাহী পরিচালক (ভাঃ), সিরোটসি ট্রাস্ট বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। উল্লিখিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।  
০৫। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারি করা হলো।

  
(অখিল রঞ্জন তরফদার)  
নিবাহী পরিচালক (ভাঃ)